দৈনিক ইনকিলাব

[illegible] 1 6 2002

তারিখ ....................
পৃষ্ঠা ৩ কলাম ৬

দারুল ইহসান ভার্সিটিতে আলোচনা

# মানুষের শিক্ষার ভিত্তিমূলে আধ্যাত্ম জ্ঞান অপরিহার্য

প্রেস বিজ্ঞপ্তি ঃ ইসলামিক একাডেমী (আইআইএস) দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে "আধ্যাত্মিকতার আলোকে জ্ঞান ও শিক্ষার ইসলামীকরণ ঃ প্রেক্ষিত প্রফেসর ডঃ সৈয়দ আলী আশরাফ (রহঃ)-এর জীবন ও দর্শন" শীর্ষক এক আলোচনা সভা গত ১৩ জুন সৈয়দ আলী আশরাফ (রহঃ) খানকা শরীফে অনুষ্ঠিত হয়। ইসলামিক একাডেমীর পরিচালক ও দারুল ইহসান ট্রাস্টের সেক্রেটারী এসএইচ মনিরুজ্জামান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

অনুষ্ঠানে মূল আলোচক ছিলেন প্রফেসর সৈয়দ আলী নকী, মেম্বার দারুল ইহসান ট্রাস্ট, আশরাফ চ্যারিটেবল ট্রাস্টের চেয়ারম্যান ও ম্যানেজিং ট্রাস্ট্রি। আলোচনায় অংশ নেন মানবিক বিজ্ঞান অনুষদের ডীন ও ইংরেজী ভাষা ও সাহিত্য বিভাগের প্রধান প্রফেসর ড. সদরুদ্দীন আহমেদ, ধর্ম বিজ্ঞান অনুষদের সহকারী অধ্যাপক হেলাল আহমেদ ও সহকারী অধ্যাপক ইশারফ হোসেন। প্রফেসর সৈয়দ আলী নকী মানুষের জীবনের সকল কর্মকাণ্ডে আধ্যাত্মিকতার প্রয়োজনীয়তা সম্পর্কে আলোকপাত করেন এবং বিশেষ করে শিক্ষার ভিত্তিমূলে আধ্যাত্মজ্ঞান একান্ত অপরিহার্য সে সম্পর্কে তিনি বিস্তারিত আলোচনা করেন। প্রায় এক হাজার বছর আগে হযরত ইমাম গাজ্জালী (রহঃ) আধ্যাত্মিক জ্ঞানের উপর ভিত্তি করেই সকল জ্ঞান পরিচালিত। দীর্ঘদিন এই দর্শন সম্পর্কে কোন আলোচনা হয়নি। বিংশ শতাব্দীতে অধ্যাপক সৈয়দ আলী আশরাফ (রহঃ) জ্ঞানের ভিত্তিমূলে আধ্যাত্মবাদ সম্পর্কে আলোকপাত করেছেন।